

(২)

- ৩ক. শাস্তিনিকেতন ব্রহ্মচর্যাশ্রম থেকে বিশ্বভারতী প্রতিষ্ঠা এই যাত্রাপথে রবীন্দ্রনাথের শিক্ষাদৰ্শটি কীভাবে দেশ ও বিশ্বের সামনে প্রকাশিত হল? প্রচলিত শিক্ষাপদ্ধতির সঙ্গে এর মিল বা অমিল কতটুকু?  
৭+৩=১০

অথবা

- ৩খ. 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদের পিছনে কবির অস্তরের কোন তাগিদ কাজ করছিল? তার বিশ্বখ্যাতি দেশে ও বিদেশে তার বিড়ম্বনার কারণ ঘটিয়েছিল কি?  
৬+৪=১০

- ৪ক. 'গীতাঞ্জলি'র বিপুল খ্যাতির পর ক্রমিক সফরে রবীন্দ্রনাথ কি ইউরোপের মানুষের কাছে ক্রমশ সন্ত হয়ে উঠেছিলেন? কবির অস্তরে এই নিয়ে কোনও দ্বন্দ্ব ছিল কি?  
৫+৫=১০

অথবা

- ৪খ. রবীন্দ্রনাথের পেরুভ্রমণ বাতিল হল কেন? আর্জেন্টিনার অভিজ্ঞতাকে কবি রঞ্জনীপের সঙ্গে তুলনা করেছেন—এই অভিজ্ঞতা তার কাছে এত মূল্যবান হয়ে উঠেছিল কেন?  
৪+৬=১০

— X —

Ex./BANGLA/PG/1.55/4/2017

মাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

রবীন্দ্র জীবন

কোর্স পি.জি. - ১.৫৫

সময় দু'ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর লেখো

- ১ক. হিন্দুমেলা সংগঠিত হওয়ার কারণ কী? রবীন্দ্রজীবনে হিন্দুমেলার গুরুত্ব নির্ণয় করো।  
৩+৭=১০

অথবা

- ১খ. রবীন্দ্রনাথের কবিজীবনে শিলাইদহ পর্বের গুরুত্ব কোথায়—তা আলোচনা করো।  
১০

- ২ক. বাবা, মা, বৌঠানের পাশাপাশি কন্যা ও পুত্রের মৃত্যু রবীন্দ্রনাথের দীর্ঘজীবনকে বারবার ঠেলে দিয়েছে গভীর মৃত্যুশোকের দিকে—তথ্যসহ রবীন্দ্রজীবনের সেই পর্ণগুলি ব্যাখ্যা করো।  
১০

অথবা

- ২খ. প্রাগ্ বিশ্বযুদ্ধ পর্বে রবীন্দ্রনাথ তিনবার ইউরোপ ভ্রমণে গেছেন রবীন্দ্রজীবনে তার গুরুত্ব কোথায় বিশ্লেষণ করো।  
১০

(Turn Over)